সংবাদ

তারিখ: 25 SEP 2017
পৃষ্ঠা: ১৬ কলাম: ৮

ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাইয়ের

# স্বর্ণপদক পাচ্ছেন ৬ ইমেরিটাস অধ্যাপকসহ ৭ জন

বিশ্ববিদ্যালয় বার্তা পরিবেশক

প্রথমবারের মতো চালু হওয়া 'ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন স্বর্ণপদক' পাচ্ছেন দেশের সাত বিশিষ্ট নাগরিক। তাদের মধ্যে ৬ জন হলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ইমেরিটাস অধ্যাপক। আর একজনকে দেয়া হবে মরণোত্তর স্বর্ণপদক।

গতকাল বিকেলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনস্থ অ্যালামনাই ফ্লোরে ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের ৬৯তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত এক সংবাদ সম্মেলনে স্বর্ণপদকের জন্য নির্বাচিত সাত বিশিষ্ট নাগরিকের নাম ঘোষণা করেন অ্যাসোসিয়েশনের সভাপতি এ কে আজাদ চৌধুরী।

এ সময় আরও উপস্থিত ছিলেন- অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সহ-সভাপতি মুনিরা খান, মহাসচিব রঞ্জন কর্মকার, যুগ্ম-মহাসচিব আশরাফুল হক ও আমিনুর রহমান মাইকেল, সাংগঠনিক সম্পাদক আফজালুর রহমান বাবু, প্রচার ও জনসংযোগ বিষয়ক সম্পাদক মাহমুদা খাতুন মিনা প্রমুখ। সংবাদ সম্মেলনে জানানো হয়, ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই স্বর্ণপদক : পৃষ্ঠা : ২ ক : ৫

## স্বর্ণপদক : পাচ্ছেন

(১৬ পৃষ্ঠার পর)

অ্যাসোসিয়েশনের ৬৯তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠানে এ সম্মাননা ও স্বর্ণপদক দেয়া হবে। আগামী ১ অক্টোবর বিকেল সাড়ে ৩টায় ঢাবির সিনেট ভবনস্থ অ্যালামনাই ফ্লোরে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

ঢাবি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের স্বর্ণপদকপ্রাপ্তরা হলেন- ইমেরিটাস অধ্যাপক ড. সুলতানা সারওয়াতারা জামান, ইমেরিটাস অধ্যাপক ড. আবদুল মতীন, ইমেরিটাস অধ্যাপক ড. সিরাজুল ইসলাম চৌধুরী, ইমেরিটাস অধ্যাপক ড. আনিসুজ্জামান, ইমেরিটাস অধ্যাপক ড. নাজমা চৌধুরী, ইমেরিটাস অধ্যাপক ড. আবুল কালাম আজাদ চৌধুরী এবং সাবেক বিচারপতি ও অ্যালামনাই অ্যাসোসিয়েশনের প্রতিষ্ঠাতা সভাপতি বিচারপতি মোহাম্মদ ইব্রাহিম।

সংবাদ সম্মেলনে আরও জানানো হয়, ইতোপূর্বে ইমেরিটাস অধ্যাপক হিসেবে যোগদানের পর কোন শিক্ষক আমৃত্যু এ পদে বহাল থাকতেন। সম্প্রতি ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরিবর্তিত আইন অনুসারে এ পদে নিযুক্তি লাভের পর ১০ বছর অথবা ৭৫ বছর বয়স পর্যন্ত ইমেরিটাস অধ্যাপক হিসেবে বিবেচিত হবেন। তবে আইন প্রণয়নের পূর্বে নিযুক্ত ইমেরিটাস অধ্যাপকবৃন্দ আমৃত্যু এ পদে বহাল থাকবেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোন শিক্ষার্থী যাতে অর্থের অভাবে শিক্ষা জীবন শেষ না করে সেজন্য অ্যালামনাই অ্যাসোসিয়েশনের উদ্যোগে গত বছরের মতো এবারও শিক্ষার্থীদের বৃত্তি প্রদান করা হবে। সেজন্য ইতোমধ্যেই ৫০০ জনের একটি তালিকা প্রস্তুত করা হয়েছে। শীঘ্রই একটা অনুষ্ঠানের মাধ্যমে তাদেরকে বৃত্তি প্রদান করা হবে।

ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সম্মাননা ও স্বর্ণপদক প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে থাকবেন অ্যাসোসিয়েশনের সাবেক সভাপতি ও অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। বিশেষ অতিথি থাকবেন অ্যালামনাই অ্যাসোসিয়েশনের প্রধান পৃষ্ঠপোষক ও বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে